

আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহীর ইনোভেশন আইডিয়া

বাস্তবায়ন তারিখ ২৮-০২-২০২৪

- ১। চিহ্নিত সেবার নাম : অবসরোত্তর সুবিধাদি প্রাপ্তির প্রয়োজনীয় কাগজপত্র ও সেগুলোর সংগ্রহ কৌশল অবহিতকরণ।
- ২। ক. সেবাটি বর্তমানে কীভাবে দেয়া হয়? : সেবাগ্রহীতা স্থানীয় দোকান, স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও পূর্বে অবসরগ্রহণকারীদের সাথে যোগাযোগ করে কাগজপত্র সংগ্রহ করেন।
- ২। খ. চিহ্নিত সেবাটি প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান প্রধান সমস্যা, সমস্যার মূল কারণসমূহ ও ভোগান্তি :

চিহ্নিত সেবার প্রধান/মূল সমস্যা	সমস্যার পিছনে মূল কারণসমূহ	সেবা গ্রহীতা/প্রদানকারীর ভোগান্তি (TCV++)
মৃত্যুজনিত এবং অবসরোত্তর সুবিধাদি প্রাপ্তির প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহে ভোগান্তি	নমুনা না থাকা	একই কাজে অনেকবার যেতে হয়। মৃত্যুজনিত এবং অবসরোত্তর সুবিধাদি প্রাপ্তিতে বিলম্ব হয়। অধিক যাতায়াতে ব্যয় বাড়ে।
সেবার প্রধান/মূল সমস্যা, সমস্যার কারণ ও এর প্রভাব/ভোগান্তি সম্পর্কে বিবৃতিঃ		
অবসরগমনে যাওয়া কর্মচারী এবং বিশেষভাবে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবারের সদস্যরা অবসরোত্তর সুবিধাদি প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রের নমুনার অভাবে এবং প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহের পদক্ষেপ না জানায় (আবেদন প্রক্রিয়া ও আবেদনের কাঠামো) সেগুলি সংগ্রহ ও প্রস্তুত করতে বিড়ম্বনায় পড়েন। ফলে অবসরোত্তর সুবিধাদি প্রাপ্তিতে বিলম্ব হয় এবং বার বার যাতায়াতের ফলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হন।		


- ৩। সমস্যার ভুক্তভোগী : আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী'র অবসরগমনে যাওয়া কর্মচারী এবং বিশেষভাবে চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবারের সদস্যরা

ভুক্তভোগীর ধরণ	এলাকা	ভুক্তভোগীর সংখ্যা			
		বছর (২০২০)	বছর (২০২১)	বছর (২০২২)	বছর (২০২৩)
চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবারের সদস্য	রাজশাহী			১	
অবসরগমনে যাওয়া কর্মচারী			১	২	

৪) সমস্যা সমাধানে প্রদত্ত আইডিয়াটির শিরোনাম : নমুনা সরবরাহের মাধ্যমে অবসরোত্তর সুবিধাদি প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ ও প্রস্তুত নিশ্চিতকরণ।

৫। ক. সমাধান প্রক্রিয়া : চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী কর্মচারীর পরিবারের সদস্যের জন্য ছুটি নগদায়ন, আনুতোষিক, পারিবারিক পেনশন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের (জেলা প্রশাসকের মাধ্যমে প্রদত্ত) মৃত্যুজনিত আর্থিক অনুদান, কর্মচারী কল্যাণবোর্ড প্রদত্ত আর্থিক সুবিধাদি এবং অবসর সন্নিহিতে এমন কর্মচারীর ছুটি নগদায়ন, আনুতোষিক ও পেনশন প্রাপ্তির জন্য সকল কাগজপত্রের নমুনা বাঁধাই ও সফটকপি তৈরি করা হবে। সেগুলো সংগ্রহের আবেদনের নমুনাসহ সম্পূর্ণ প্রক্রিয়া সেখানে যুক্ত থাকবে। সেবাগ্রহীতাকে উক্ত নমুনা সরবরাহের সময় সম্পূর্ণ প্রক্রিয়াটির বিষয়ে ধারণা প্রদান করা হবে।

৫। খ. নতুন প্রসেস ম্যাপ :



৫। গ. উদ্যোগটির মধ্যে নতুনত্ব কী : বিদ্যমান বিধিবিধানে অবসর ও মৃত্যুজনিত পেনশনসহ অন্যান্য পাওনাদির কিছু ছক বা ফরম দেওয়া আছে, কিন্তু সেগুলো পূরণে অনেকে সক্ষম নন, অনেকের মধ্যে অস্পষ্টতা থেকে যায়, অনেকগুলোর কাঠামো দেওয়া নেই। অনেকগুলো ডকুমেন্ট পাওয়ার জন্য আবেদন করতে হয়, কিন্তু সে আবেদনের ফরমেট অনেকে জানেন না। এই ইনোভেশনে সে সমস্যাগুলো দূর হবে।

৫। ঘ. উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী হার্ডওয়্যার/সরঞ্জামাদি/অবকাঠামো লাগবে?

ইন্টারনেট থেকে কিছু ফরম ডাউনলোড করতে হবে এবং কিছু ফরম/ডকুমেন্ট স্থানীয় স্টেশনারির দোকান থেকে ক্রয় করতে হবে। ডকুমেন্টগুলো বাঁধাই করতে হবে এবং সফটকপি তৈরি করতে হবে।

৫। ঙ. উদ্যোগটি বাস্তবায়ন করার জন্য নতুন কী কী ব্যাকগ্রাউন্ড ওয়ার্ক করতে হবে?: নমুনা বাঁধাই ও সফটকপি তৈরি

৬। প্রত্যাশিতফলাফল (TCV++):

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের পূর্বে	৪ দিন	৪০০/=	৪ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১ দিন	১০০/=	১ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে TCV -এর পার্থক্য	৩ দিন	৩০০/=	৩ বার
অন্যান্য	পেনশন ও অন্যান্য সুবিধাদি মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট থেকে উক্ত পাওনাদি প্রাপ্তি ঝামেলাহীন ও দ্রুততর হবে		

৭. আইডিয়া ওনারের তথ্য : মোঃ তৌহিদুজ্জামান, উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী।